Keywords:
Contribution
Wakaf
Ongoing
Long-term

Islamic Religious Council of Singapore

Friday Sermon

16 August 2024 / 11 Safar 1446H

দাতব্য কাজ করা অব্যাহত রাখা

الحَمْدُ لِلَّهِ الَّذِي هَدَانَا لِهَـٰذَا وَمَا كُنَّا لِنَهْتَدِيَ لَوْلَا أَنْ هَدَانَا اللَّهُ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبدُهُ وَرَسُولُهُ، اللَّهُمَ صَلِّ وَسَلِّم عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ.

أَمَّا بَعدُ، فَيَا عِبَادَ اللهِ، اِتَّقُوا اللهَ، أُوصِيكُم وَنَفسِي بِتَقوَى اللهِ عَزَّ وَجَلَّ، فَقَد فَازَ المُتَّقُونَ.

জুম্মায় আগত সম্মানিত সুধী,

আমরা যেখানেই থাকি না কেন, মহান আল্লাহ সুবহানাহু তা'আলার প্রতি তাকওয়া যেন আমরা অক্ষুন্ন রাখি। তাঁর সকল নির্দেশ মেনে চলি এবং নিষেধাজ্ঞাগুলি থেকে নিজেদের সরিয়ে রাখি। ভাল কাজ করার সুযোগ প্রদান করার জন্য আমরা যেন অত্যন্ত বিনয়ের সাথে মহান আল্লাহ সুবহানাহু তা'আলার নিকট নামাজ পড়ি এবং আমাদের মৃত্যুর পরেও আমরা যেন মহান আল্লাহ সুবহানাহু তা'আলার কাছ থেকে নিরন্তর তাঁর রহমত পেয়ে থাকি। আমীন

আমরা যারা পৃথিবীতে মঙ্গলবার্তা প্রচারের জন্য মহান আল্লাহ সুবহানাহু তা'আলার বিশ্বস্ত মুখপাত্র হিসেবে দায়িত্বপ্রাপ্ত হয়েছি, সেই দায়িত্ব যেন আমরা সঠিকভাবে পালন করে যাই।

সম্মানিত ভাই ও বোনেরা,

গত সপ্তাহের খুতবায় আমরা আলোচনা করেছি কিভাবে ইসলাম আমাদেরকে সমাজবদ্ধ মানুষ হতে উৎসাহিত করেছে, যারা, প্রথমতঃ মহান আল্লাহ সুবহানাহু তা'আলার প্রতি কৃতজ্ঞ এই জন্য যে তিনি সিঙ্গাপুরকে আমাদের বাসস্থান হিসাবে দিয়েছেন এবং দ্বিতীয়তঃ যারা পৃথিবীতে মঙ্গলবার্তা প্রচারের জন্য মহান আল্লাহ সুবহানাহু তা'আলার বিশ্বস্ত মূখপাত্র হিসেবে দায়িত্বপ্রাপ্ত হয়েছিলেন, সেই দায়িত্ব তাঁরা সঠিকভাবে পালন করে গেছেন।

আমার আজকের খুতবায় আমি সিঙ্গাপুরের প্রথম প্রজন্মের মুসলমানগণের অবদানের বিভিন্ন দিক নিয়ে বিশদ আলোচনা করব। এই গল্পগুলি থেকে আমরা যেন সেই ভালকাজগুলি যেগুলি তাঁরা করে গেছেন সেই কাজগুলি করার ব্যাপারে উৎসাহিত বোধ করি এবং আমাদের মুসলমান সম্প্রদায়ের উপকারের জন্য বিশেষ করে দীর্ঘস্থায়ী উপকারের কাজে মহান আল্লাহ সুবহানাহু তা'আলা প্রদত্ত সম্পদ থেকে খরচ করে ভাল অবদান রাখতে পারি।

সম্মানিত ভাই ও বোনেরা,

আপনারা নিশ্চয়ই সুলতান মসজিদ, কাসিম মসজিদ এবং বেনকুলিন মসজিদগুলির নাম শুনেছেন? কিন্তু মাদ্রাসা আল জুনিদ, মাদ্রাসা আলসাগফ, মাদ্রাসা আল মারিফের মত বড় মাদ্রাসাগুলির নাম কি কখনও শুনেছেন? এইসমস্ত মাদ্রাসা, মসজিদের মধ্যে কোন বিষয়ে মিল আছে আপনারা কি তা বলতে পারবেন? এই সমস্ত মসজিদ মাদ্রাসাগুলি হলো ওয়াক্কাফ সম্পত্তি- যেগুলি আমাদের পূর্বসূরী মুসলমানগণ আমাদের জন্য রেখে গেছেন।

সম্মানিত জুম্মাতুল মুমিনিন রাহমাকুমুল্লাহ,

এখানে ওয়াক্কাফ বলতে বুঝানো হয়েছে, আল্লাহর সন্তুষ্টির জন্য আমাদের সম্পদের একটি অংশ সমাজের কল্যাণের জন্য ব্যয় করা। আর যতদিন পর্যন্ত এই সম্পত্তির অস্তিত্ব থাকবে ততদিন পর্যন্ত সেই সম্পত্তি

থেকে প্রাপ্ত মহান আল্লাহ সুবহানাহু তা'আলা কর্তৃক প্রদত্ত পুরস্কার আসতে থাকবে এমনকি ওয়াকিফ বা দানকারী মানুষটি আর জীবিত না থাকলেও।

আজ আমাদের মধ্যে যাঁরা এখনো জীবিত আছেন এবং এই মসজিদ মাদ্রাসা থেকে উপকৃত হচ্ছেন, আসুন আমরা দেখি এই সমস্ত মাদ্রাসা মসজিদ থেকে আমাদের সমাজ সম্প্রদায় কতটা উপকৃত হচ্ছে। এবং আসুন আমরা অনুমান করে দেখি এইসমস্ত ওয়াকিফ যাঁরা এখন আর জীবিত নাই তাঁরা এইগুলি করার জন্য এখন মহান আল্লাহ তা'আলা কর্তৃক কি পুরস্কার পাচ্ছেন ।

সম্মানিত ভাই ও বোনেরা,

ইমাম বুখারী কর্তৃক বর্ণিত একটি হাদীসে উল্লেখ করা আছে যে, ওয়াক্কফ করা আমাদের নবী করিম (সঃ) এর একটি সুন্নাহ ছিল । এটা বলা আছে যে, আমাদের নবী করিম (সঃ) যখন ইন্তেকাল করেন তখন তিনি এই পৃথিবীতে কোন দিনার বা দিরহাম, কোন নারী বা পুরুষ ভৃত্য, কিছুই রেখে যাননি কেবলমাত্র একটি সাদা খচ্চর, কিছু অস্ত্রাদি এবং এক খন্ড জমি ব্যতীত যে জমিটি তিনি ওয়াকফ হিসাবে দান করে গিয়েছিলেন।

ওয়াকফ দানের চর্চাটি, আমাদের ইসলাম ধর্মে যেটাকে উৎসাহিত করা হয়েছে সমাজের জন্য দীর্ঘস্থায়ী কোন উপকার করা বা অবদান রাখা হিসাবে। আমাদের সম্পদ থেকে দান করারই আরেক নাম চ্যারিটি বা দাতব্য কাজ। সুরা আল ইমরানের ৯২ নম্বর আয়াতে এ ব্যাপারে যা বলা আছে তার দিকে আমরা একবার দৃষ্টিপাত করি। এখানে বলা হয়েছে,

لَن تَنَالُوا۟ ٱلْبِرَّ حَتَّىٰ تُنفِقُوا۟ مِمَّا تُحِبُّونَ ۚ وَمَا تُنفِقُوا۟ مِن شَىْءٍ فَإِنَّ ٱللَّهَ بِهِۦ عَلِيمٌ ﴿٩٢﴾

অর্থঃ *কস্মিণকালেও তোমরা কল্যাণ লাভ করতে পারবে না, যদি তোমাদের প্রিয় বস্তু থেকে তোমরা ব্যয় না কর। আর তোমরা যদি কিছু ব্যয় করবে আল্লাহ তা জানেন।* [*সূরা আল-ইমরান: 92*]

আল ইমাম ইবন কাথির ব্যাখ্যা করে বলেন যে, নবী করিম (সঃ) এর এক সাহাবী যখন এই আয়াতটি শুনলেন, সেই মুহূর্তেই তিনি তাঁর সবচেয়ে প্রিয় সম্পত্তির এক খন্ড মসজিদ নববীর পাশে ওয়াকফ করে দেন এবং তাঁর এই ওয়াকফর উপকারটি তিনি মুসলমান উম্মতগণের উপকারের জন্য দান করে গিয়েছিলেন। তিনি ছাড়া, উমর আল খাত্তাব (রাঃ) কর্তৃক ওয়াকফ করা খাইবারে একখন্ড জমি ও উসমান বিন আফফান (রাঃ) কর্তৃক রুমায় একটি কুয়া ওয়াকফ করা হয়।

আমার সম্মানিত ভাই ও বোনেরা,

একটু ভেবে দেখেন, আমাদের নবী করিম (সাঃ) এর সাহাবীগণ মহান আল্লাহ সুবহানাহু তা'আলার কর্তৃক প্রদত্ত পুরস্কার লাভ করার কোন সুযোগ হারাতে চাইতেন না এবং ওয়াকফ করে সমাজের মঙ্গলের জন্য ভাল কাজ রেখে যাওয়ার জন্য উদগ্রীব থাকতেন। আর আমরা ? আমরা তো আমাদের নিজেদের জন্য মহান আল্লাহ সুবহানাহু তা'আলা কর্তৃক প্রদত্ত পুরস্কার আজীবন লাভ করতে চাইব বিশেষ করে আমাদের মৃত্যুর পর।

ইসলাম ধর্মাবলম্বী আমার সম্মানিত ভাই ও বোনেরা,

আপনারা প্রশ্ন করতে পারেন, আমাদের তো কোন জমিজমা নাই। আমরা কিভাবে ওয়াকফ করব? জমির দাম যত বাড়ছে তারপরেও কি আমাদের ওয়াকফ করার সুযোগ আছে? আমাদের নিজেদের যেখানে নুন আনতে পান্তা ফুরানোর অবস্থা অর্থাৎ প্রতিদিনের প্রয়োজন মেটাতে হিমশিম খাওয়ার অবস্থা, সেখানে পরবর্তী প্রজন্মের জন্য সম্পত্তি ওয়াকফ করার অগ্রাধিকার আমাদের কাছে কতটা বেশী?

সম্মানিত ভাই ও বোনেরা,

যদিও সরকারী আবাসনে থেকে ওয়াকফ করার কোন সুযোগ নাই তার অর্থ এই না যে, আমাদের ওয়াকফ করার আর কোন সুযোগই নাই। আজকাল, আমাদের কাছে আমাদের পরবর্তী প্রজন্মের জন্য যৌথভাবে সমাজে অবদান রাখার অনেক প্রেক্ষাপট আছে। এই আগস্ট মাসের ৩ তারিখে “সিঙ্গাপুর কমিউনিটি ওয়াকফ” নামে একটি সংস্থা উদ্বোধন করা হয়েছে যা মূলতঃ এই মহান লক্ষ্য পূরণের জন্যি প্রতিষ্ঠা করা হয়েছে।

সমাজে দীর্ঘস্থায়ীভাবে কোন অবদান রাখার উদ্দেশ্যটি নতুন প্রতিষ্ঠিত এই সংস্থার মাধ্যমে পরিপূর্ণ হবে বলে আশা করা যায়। প্রত্যেক ব্যাক্তির সাধ্য অনুযায়ী এই অবদান রাখা মাসিক বা বার্ষিক ভাবেও সম্পাদন করা যায়। এই সংস্থার পক্ষে মুসলমানদের জন্য অর্থনৈতিক এবং সামাজিক উন্নতি করার যথেষ্ট সম্ভাবনা আছে। এছাড়া, এটা মসজিদ, মাদ্রাসা এবং আমাদের ধর্ম সংক্রান্ত ন্যান্য যে প্রতিষ্ঠানগুলি আছে সেগুলির প্রশাসনিক কর্মকান্ডকে আরো উন্নত করবে। আমরা আশা করি যতদিন পর্যন্ত আমাদের ধর্মীয় প্রতিষ্ঠানগুলি এখানে থাকবে এবং সুষ্ঠুভাবে পরিচালিত হবে ততদিন পর্যন্ত আমাদের সমাজে ভাল কাজ করাগুলি অব্যাহত থাকবে এবং তা থাকবে আমাদের মৃত্যুর পরে পর্যন্ত।

যদিও এই সমস্ত কাজ অন্যের দৃষ্টিতে সামান্য হতে পারে, কিন্তু, মহান আল্লাহ সুবহানাহু তা’আলার দৃষ্টিতে তা অনেক বড় কাজ বলে গন্য হবে, ইনশা আল্লাহ! এই বিষয়ে একটি হাদীস আছে যেখানে বলা হয়েছে, “ মহান আল্লাহ সুবহানাহু তা’আলার দৃষ্টিতে সেই কাজ মহান যা নিরবচ্ছিন্নভাবে করা হয় তা য ছোট কাজই হোক না কেন। (ইমাম বুখারী ক্রত্ক বর্ণিত হাদীস)

হে আল্লাহ, হে রাজ্জাক, আপনি আমাদেরকে জীবিকানির্বাহকারী রহমত প্রদান করুন, হে ওয়াহাব, আপনার প্রদর্শিত পথে অবদান রাখার কাজ সহজ করে দিন, , হে ফাত্তাহ, আমাদের সামনে ভাল কাজ করার দরজা আরো প্রশস্ত করে খুলে দিন। আমাদের অন্তরে ভাল কাজ করার যে ইচ্ছা আছে সেগুলি যেন

আমরা বুঝতে পারি এবং সেই সৎ ইচ্ছাগুলি বাস্তবায়িত করতে আপনি আমাদিগকে সাহায্য করুন। আমাদের সামান্য প্রচেষ্টাকেও আপনি বড় করে দেখুন। আমীন, ইয়া রাব্বাল আলামীন!

أَقُوْلُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم.

Second Sermon

الحَمْدُ للهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ الله، اِتَّقُوا اللهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانتَهُوا عَمَّا نَهَاكُم عَنْهُ وَزَجَرَ.

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللهُ بِذَلِكَ حَيْثُ قَال فِي كِتَابِهِ العَزِيزِ: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَ بَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفَاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ، وَعَن بَقِيَّةِ الصَّحَابَةِ وَالقَرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِمَاتِ، الأَحْيَاءِ مِنهُم وَالأَمْوَاتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا البَلَاءَ وَالوَبَاءَ وَالزَّلَازِلَ وَالمِحَنَ، مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ، عَن بَلَدِنَا خَاصَّةً، وَسَائِرِ البُلْدَانِ عَامَّةً، يَارَبَّ العَالَمِينَ.

رَبَّنَا آتِنَا فِي الدُّنيَا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنَا عَذَابَ النَّارِ.

عِبَادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاءِ ذِي القُرْبَى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضلِهِ يُعطِكُم، وَلَذِكرُ اللهِ أَكبَرُ، وَاللهُ يَعلَمُ مَا تَصنَعُونَ.